

বিষয়: অস্থায়ী অগ্রিম প্রদান প্রসঙ্গে।

০১। নির্দেশক্রমে নথি উপস্থাপন করা হ'ল।

০২। ঢাকা ওয়াসার সরাসরি নিয়োগযোগ্য বিভিন্ন পদে জনবল নিয়োগের লক্ষ্যে ২৩৩১৫ জন প্রার্থীর লিখিত পরীক্ষা আগামী ০৪/০৭/২০২৫ তারিখ শুক্রবার দুই শিফটে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এ অনুষ্ঠিত হবে। উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) ও সচিব মহোদয়ের নির্দেশনা মোতাবেক লিখিত পরীক্ষা সম্পন্নের লক্ষ্যে ১২টি পদে মোট ২৩৩১৫ জন প্রার্থীদের ক্যাটাগরী ওয়াইজ রোল নম্বর জেনারেটকরন, প্রার্থীদের অনুকূলে অনলাইনে প্রবেশপত্র ইস্যুসহ অন্যান্য গুরুত্বপূর্ণ কাজ এমআইএস এন্ড বিলিং বিভাগ কর্তৃক সুচারুপে সম্পন্ন করা হয়েছে। প্রার্থীদের অনুকূলে লিখিত পরীক্ষার প্রবেশপত্র ইস্যু পরবর্তী যে সকল প্রার্থীগণ প্রবেশপত্র পায়নি তাঁরা এমআইএস এন্ড বিলিং বিভাগে ই-মেইল (ap2.mis@dwaso.org.bd) এর মাধ্যমে তাঁদের আবেদন বাতিলের সঠিক কারণ জানতে পারছে। এছাড়াও, বুয়েট কর্তৃক লিখিত পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে রোল নম্বর জেনারেটরকৃত প্রার্থীদের নাম, পিতার নাম ও অন্যান্য তথ্য সম্বলিত এক্সেল কপি ইতোমধ্যে বুয়েট বরাবর প্রেরণ করা হয়েছে।

০৩। সরাসরি নিয়োগযোগ্য ১২টি পদে বুয়েট কর্তৃক লিখিত পরীক্ষা সম্পন্নের লক্ষ্যে গুরুত্বপূর্ণ কাজসমূহ উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) ও সচিব মহোদয়সহ এমআইএস এন্ড বিলিং বিভাগের প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার এবং প্রশাসন বিভাগ-১ এ সংশ্লিষ্ট কাজে মোট ১১ জন কর্মকর্তা/সহায়ক কর্মচারী সাপ্তাহিক ছুটির দিন এবং অফিস সময়ের পরও এমআইএস এন্ড বিলিং বিভাগের সাথে যোগাযোগ করে কাজ করে যাচ্ছে। এক্ষেত্রে মোট ১১ জন কর্মকর্তা/সহায়ক কর্মচারীর জনপ্রতি ৫,০০০/- টাকা হারে মোট (১১x৫,০০০) = ৫৫,০০০/- টাকার সম্মানী ভাতা প্রদান করা যেতে পারে।

০৪। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে বর্ণিত কাজের জন্য ১১ জন কর্মকর্তার সম্মানী ভাতা বাবদ সর্বমোট (১১x৫,০০০) = ৫৫,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার অস্থায়ী অগ্রিম উপ-সচিব প্রশাসন বিভাগ-১ এর অনুকূলে প্রদান করা যেতে পারে। প্রস্তাব সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

সাইফুল ইসলাম
অফিস সুপারিন্টেন্ডেন্ট
প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা।

মোঃ মাহবুব হক
সহকারী সচিব, প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

মোঃ আলমগীর হোসেন
উপসচিব
প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

মোঃ মশিউর রহমান খান
সচিব
ঢাকা ওয়াসা।

DMD(HR & Admin)
(প্রতিষ্ঠান কর্মকর্তা)

ড. মুহা. মনিরুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (আর্থিক ও
(প্রতিষ্ঠান কর্মকর্তা)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

মোঃ শাহজাহান মিয়া
অতিরিক্ত সচিব
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

DS-A1